DEC. 4 2000

তারিখ ...... পৃষ্ঠা ৬ কলাম ১

দৈনিক ইত্তেফাক

80

# বোর্ডের পাঠ্য পুস্তকে ত্রুটি

গফরগাঁও (ময়মনসিংহ) সংবাদদাতা ॥ বোর্ড প্রকাশিত পুস্তকে মারাত্মক ত্রুটি থাকায় শিক্ষকদের ক্লাসে পাঠদান করিতে গিয়া সমস্যায় পড়িতে হইতেছে। গফরগাঁও উপজেলার মশাখালী উচ্চ বিদ্যালয়ের বিজ্ঞানের শিক্ষক কে,বি,এম, হাফিজউদ্দিন 'মাধ্যমিক পদার্থ বিজ্ঞান'. পুস্তকটির কথা উল্লেখ করিয়া বলেন পুস্তকটিতে সরল দোলকের সংজ্ঞায় ত্রুটি রহিয়াছে। তিনি জানান, বোর্ড চাইলে তিনি ত্রুটিপূর্ণ সংজ্ঞার শুদ্ধ ব্যাখ্যা দিতে প্রস্তুত। স্থানীয় বিভিন্ন স্কুলের কতিপয় বিজ্ঞান শিক্ষকের সাথে এ ব্যাপারে জিজ্ঞাসা করিলে তাহারা বোর্ড প্রাকাশিত পদার্থ বিজ্ঞান পুস্তকে দোলকের সংজ্ঞায় ত্রুটির কথা উল্লেখ করিয়া বলেন যে, পরবর্তী কয়েকটি সংস্করণেও পুস্তকটিতে একই ভুল ছাপা হইয়াছে।